



WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours Part-II Examinations, 2017

বাংলা-সামাজিক

চতুর্থ পত্র

সময় : ৪ ঘণ্টা

পূর্ণমান : ১০০

প্রাচীক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সত্ত্ব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

- ১। ক্রপক-সাংকেতিক নাটকের সাধারণ বৈশিষ্ট্য আলোচনা করো। একটি সার্থক
বাংলা ক্রপক-সাংকেতিক নাটকের পরিচয় দাও। ১০+১০

অথবা

যে-কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করোঃ


- (ক) সামাজিক নাটক (খ) ট্র্যাজেডি ১০+১০
(গ) পৌরাণিক নাটক (ঘ) একাক্ষ নাটক

- ২। নবীনচন্দ্র বসুর ‘শ্যামবাজার থিয়েটার’ বিষয়ে একটি নিবন্ধ রচনা করো। ২০

অথবা

যে-কোনো দুটি বিষয়ে আলোচনা করোঃ

- (ক) ন্যাশনাল থিয়েটার (২য় পর্ব) (খ) বেঙ্গলী থিয়েটার ১০+১০
(গ) নাট্য নিয়ন্ত্রণ বিল (ঘ) বাগবাজার অ্যামেচার থিয়েটার



- ৩। একই সঙ্গে একই সময়ের গ্রাম ও শহরের দুরাচার স্থান পেয়েছে মধুসূনের দুটি প্রহসনে আশ্চর্য নিরপেক্ষতায় — আলোচনা করো। ১০

অথবা

একটি বিশেষ সময়ের করুণ চিত্র ধারণ করে আছে ‘একেই কি বলে সভ্যতা’র নারীচরিত্রগুলি — উদ্ভৃতি সহযোগে বিশ্লেষণ করো। ১০

- ৪। প্রহসন রচনা করতে কখন প্ররোচিত হ’ন নাট্যকারেরা ? সেই উদ্দেশ্য ‘বুড় সালিকের ঘাড়ে রোঁ’ প্রহসনে সার্থকতা পেয়েছে কিভাবে তা আলোচনা করো। ২+৮

অথবা

‘বুড় সালিকের ঘাড়ে রোঁ’ প্রহসনের অপ্রধান চরিত্রগুলি সম্পর্কে তোমার অভিমত ব্যক্ত করো। ১০

- ৫। সংলাপ রচনায় ‘মুক্তধারা’ নাটকের বিশেষত্ব আলোচনা করো। ১৫

অথবা

‘মুক্তধারা’ নাটকের শক্তিশালী অংশ হ’ল ‘জনতা’। উদ্ভৃতিসহ আলোকপাত করো। ১৫

- ৬। ‘টিনের তলোয়ার’ নাটকের বক্তব্য বিষয়ের বিবরণ দিয়ে এর নামকরণ কোন প্রেক্ষিতে সত্য হয়ে উঠেছে তা বিশ্লেষণ করো। ১৫

অথবা

মূল নাট্যরস নিষ্কাশনে অপ্রধান চরিত্রগুলি কতটা সহায়ক হয়ে উঠেছে ‘টিনের তলোয়ার’ নাটক অবলম্বনে তা বিশদে বুবিয়ে দাও। ১৫

B.A./Part -II/Hons./BNGA-IV/2017

- ৭। “তোরা আমাকে যত জুড়িয়ে ধরছিস তোদের সাঁতার শেখা ততই পিছিয়ে
যাচ্ছে। আমারও পার হওয়া দায় হল।” — বক্তা কে ? কাদের বলা হয়েছে ?
এ-কথা বলায় বক্তার উদ্দেশ্য ব্যাখ্যা করো। ১+১+৩

অথবা

“না ভাই, নিজের পথ তোমাকে খুঁজে বের করতে হবে। আমার পিছনে যদি
চল তাহলে আমিই তোমার পথকে আড়াল করব।” — কে, কাকে একথা
বলেছে ? প্রসঙ্গ উল্লেখ করে মন্তব্যটি ব্যাখ্যা করো। ১+১+৩

- ৮। “... অর্ধেন্দু অভিনয়ের কি জানে ?” — কে, কাকে, কেন একথা বলেছে ? ১+১+৩

অথবা

“আমার নাটক দশ অধ্যায়ে বিভক্ত, একাধারে নাটক ও নভেল।” — বক্তা
কে ? কোন নাটকের কথা বলা হয়েছে ? এই প্রসঙ্গটির পরিণাম কী ঘটেছিল ? ১+১+৩